

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৪৯.২০-৩৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

বিষয়: জনতা মহাবিদ্যালয়, ছাতক, সুনামগঞ্জ এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।

সূত্র: (১) ৯৭/১৬১/অডিট/ক-৩/২০১৬/১৯৩; তারিখ: ২৭/০৩/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)
(২) ডিআইএ/সুনামগঞ্জ/১১০৩-সি/চট্র:২১৬২; তারিখ: ২৩/১২/২০১৫ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ১৯/০৯/২০১৫ খ্রি. সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন জনতা মহাবিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. বিষয়ভিত্তিক সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা পদ্ধতি চালু করা আবশ্যিক;
- খ. বিভিন্ন প্রকার রেজিস্টার যেমন ফাইল রেজিস্টার, নিয়োগ রেজিস্টার, ছুটি রেজিস্টার, ডিম্যান্ড ও রিসিপ্ট রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার, চাঁদা আদায়ের রশিদ বইয়ের রেজিস্টার ইত্যাদি সুষ্ঠুভাবে সংরক্ষণ ও পরিচালনা করতে হবে;
- গ. প্রতিষ্ঠানটিতে স্টক রেজিস্টার ও স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
- ঘ. ক্রয় কমিটি গঠন করে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানের যে কোন ক্রয় সম্পন্ন করতে হবে;
- ঙ. সকল আয়-ব্যয় কমিটির অনুমোদন সাপেক্ষে করতে হবে;
- চ. প্রযোজ্য সকল ক্ষেত্রে স্পট কোটেশন ও ট্রেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে;
- ছ. প্রযোজ্য সকল ক্ষেত্রে ভ্যাট কর্তন করতে হবে এবং আয়কর রিটার্ন দাখিল করতে হবে;
- জ. প্রতিষ্ঠানের সকল আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- ঝ. ব্যয়ের ভাউচার সমূহ কমিটির অনুমোদন সাপেক্ষে যথাযথভাবে গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে;
- ঞ. প্রতিষ্ঠান প্রধানকে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করে আপ-টু-ডেট হিসাব সংরক্ষণ করতে হবে;
- ট. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
- ঠ. বছরের শুরুতে সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বাজেট প্রণয়ন করতে হবে এবং বাজেট অনুযায়ী আয়-ব্যয় নির্বাহ করতে হবে;

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অধ্যক্ষ

জনতা মহাবিদ্যালয়, ছাতক, সুনামগঞ্জ


তারিখ: ২০/০৮/২০২০

মোহা: লিয়াকত আলী

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ছাতক, সুনামগঞ্জ
- ৭। চেয়ারম্যান, গভর্নিং বডি, জনতা মহাবিদ্যালয়, ছাতক, সুনামগঞ্জ
- ৮। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।